সংশোধিত

# অবলম্বন

সুবিধা বঞ্চিত দরিদ্র জনগোষ্ঠীর উন্নয়ন কেন্দ্র
আমড়াতলী বাজার, বরুড়া, কুমিল্লা।

# গঠনতন্ত্র

প্রতিষ্ঠাকাল- ১৯৯৬ইং

Scanned with CamScanner

সংশোধিত

**অনুচ্ছেদ ০১। সংস্থার নাম ঃ অবলম্বন।**

সুবিধা বঞ্চিত দরিদ্র জনগোষ্ঠীর উন্নয়ন কেন্দ্র।

ইংরেজীতে ঃ ABOLOMBON-Development Centre for Under Privileged Community.

**অনুচ্ছেদ ০২। সংস্থার ঠিকানা ঃ**

গ্রাম ও ডাকঘর ঃ আমড়াতলী বাজার,

উপজেলা ঃ বরুড়া।

জেলা ঃ কুমিল্লা।

**অনুচ্ছেদ ০৩। সংস্থার কর্ম এলাকা ঃ**

কুমিল্লা জেলা। প্রয়োজনে নিবন্ধীকরণ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ভবিষ্যতে বাংলাদেশের যে কোন এলাকায় সম্প্রসারণ যোগ্য।

**অনুচ্ছেদ ০৪। সংস্থার প্রকৃতি ঃ**

ইহা একটি অরাজনৈতিক, মানব সম্পদ ও আর্থ সামাজিক উন্নয়ন মূলক ও স্বেচ্ছাসেবী সামাজিক প্রতিষ্ঠান।

**অনুচ্ছেদ ০৫। মূল লক্ষ্য ঃ**

ক। সুবিধা বঞ্চিত মানুষের নীরব সংকট থেকে উত্তরন এবং বিপন্ন সমাজ ব্যবস্থায় ধর্ম-বর্ণ-গোত্র নির্বিশেষে সকল নারী-পুরুষ ও শিশু-স্বাস্থ্য, শিক্ষা, সমমর্যাদা ও অধিকার প্রতিষ্ঠার জন্য উন্নয়ন সাধন করা।

খ। এলাকায় শান্তি প্রতিষ্ঠা ও সামগ্রিক উন্নয়নের সার্থে ন্যায় সম্মত, টেকসই, প্রকৃতি-বান্ধব সমাজ, অর্থনৈতিক কর্মকান্ড সম্প্রসারণে ও সাম্প্রদায়িক সম্প্রীতি অক্ষুন্ন রাখার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা রাখা।

মোঃ জিয়াউদ্দিন কাউসার
সম্পাদক
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

(জহুর আলম ...)
সভাপতি
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

Scanned with CamScanner

সংশোধিত

গ। একটি আর্দশ ও সমাজ সচেতন অরাজনৈতিক স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ মূলক প্রতিষ্ঠান হিসাবে অবহেলিত, নিপিড়িত জগণের সার্বিক কল্যাণের ক্ষেত্রে জোর প্রচেষ্টা চালানো।

ঘ। ব্যক্তি সার্থে সংস্থার নাম ব্যবহৃত না করে, দরিদ্রদের মধ্যে অপেক্ষাকৃত অনগ্রসর জনগোষ্ঠী ও অঞ্চলকে উন্নয়নের ক্ষেত্রে প্রাধান্য দিয়ে মানবন্ধন প্রতিষ্ঠার জন্য মানব কল্যাণে ব্রতী হওয়া।

## অনুচ্ছেদ ০৬। সংস্থার উদ্দেশ্য, কর্মসূচী ও গবেষণা ঃ

### (i) সংস্থার উদ্দেশ্যাবলী ঃ

জাতি, ধর্ম, বর্ণ-নির্বিশেষে সকল সুবিধা বঞ্চিত, দারিদ্র, অবহেলিত, বিত্ত ও জমিহীন, নিঃস্ব ও দুঃস্থ্য, প্রতিবন্ধী, কর্মবিমূখ মাদকাসক্ত হতাশা গ্রস্থ যুবক-যুবতী, হত দরীদ্র, নিঃস্ব ভিক্ষুক, আদিবাসী, সংখ্যা লঘু, ঝড়ে পরা শিশু ও কিশোর-কিশোরী, সমাজ বিচ্ছিন্ন জনগোষ্ঠী, ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশু ও অনগ্রসর শ্রেণী মানুষের জন্য স্বাস্থ্য শিক্ষা, গণশিক্ষা, আয়বৃদ্ধি, আত্মকর্মসংস্থান, প্রশিক্ষণ, সঞ্চয়ে উদ্বোদ্ধ, শিশু পাচার রোধ, ~~ক্ষুদ্রঋণ সহায়তার মাধ্যমে পুঁজির যোগান,~~ শিশু অধিকার, নারী অধিকার, আবাসন, পরিবেশ, আইনী সহায়তা, যৌতুক প্রথা উচ্ছেদ, বেওয়ারিশ লাশ দাফন, জাতীয় ও ধর্মীয় দিবস পালন, ভিক্ষাবৃত্তি দূরীকরণ, পাঠাগার এবং দাতব্য হাসপাতাল স্থাপনাসহ সকল প্রকার কল্যাণমূখী সাহায্য ও সহযোগিতা প্রদান।

### (ii) সংস্থার কর্মসূচী ঃ

লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য পরিবেশ-বান্ধব, টেকসই ও সময়োপযোগী কর্মসূচী গ্রহণ এবং বাস্তবায়ন করা যাবে। প্রয়োজনের সংস্থার লক্ষ্য, উদ্দেশ্যাবলীর সাথে সংগতি পূর্ণ সমমনা প্রতিষ্ঠান সমূহের সম্মিলিত উদ্যোগকে গতিশীল রাখতে পৃষ্ঠ-পোষকতা প্রদান করা যাবে।

মোঃ রিয়াজুল কাউসার
সম্পাদক
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

(জহুর লাল ...)
সভাপতি
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

Scanned with CamScanner

সংশোধিত

### (iii) গবেষণা ঃ

এলাকার সার্বিক উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় সকল ক্ষেত্রে গবেষণা কার্যক্রম পরিচালনা করা। এ উদ্দেশ্যে একটি নিরপেক্ষ গবেষণা প্রতিষ্ঠান গড়ে তোলা। নিম্নে গবেষণার বিষয়গুলো উল্লেখ করা হলো ঃ

**১। শিক্ষা ঃ**

ক) বিভিন্ন আনুষ্ঠানিক, উপানুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক কার্যক্রমের এলাকার দারিদ্র ও অবহেলিত জনগোষ্ঠীর জন্য একটি আদর্শ-শিক্ষা ব্যবস্থা গড়তে সহায়ক ভূমিকা পালন করা।

খ) দারিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদর বৃত্তি প্রদানের মাধ্যমে লেখা পড়ায় উৎসাহিত করা।

গ) পাঠাগার পরিচালনা ও বিভিন্ন এলাকায় পাঠাগার স্থাপন করা।

ঘ) শিক্ষার মান উন্নয়নে শিক্ষক, অভিভাবক ও ছাত্র সমাজকে অধিকতর সচেতন করার প্রচেষ্টা।

ঙ) বিজ্ঞান-প্রযুক্তি শিক্ষার বিকাশ ও নিরক্ষরতা দূর করে কর্ম এলাকায় শিক্ষিতের হার ১০০% নিশ্চিত করণের পাশাপাশি উপানুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচীর আওতায় বয়স্ক পুরুষ ও মহিলা এবং ঝড়ে পরা ও সুবিধা বঞ্চিত শিশু, কিশোর-কিশোরী ও শিশু শ্রমের জন্য জীবন ধর্মী শিক্ষার সুযোগ সৃষ্টি করা।

চ) শিক্ষা অধিদপ্তরের অনুমোদনক্রমে/ সহযোগিতায় কর্মসূচী সমূহ বাস্তবায়ন করা হবে।

**২। গ্রামীণ আর্ত সামাজিক উন্নয়ন ঃ**

ক) সংস্থাটি একটি সম্পূর্ণ অরাজনৈতিক সমাজ সেবামূলক প্রতিষ্ঠান হিসাবে পশ্চাৎপদ জনগোষ্ঠীর অর্থনৈতিক ও সামাজিক ক্ষমতায়নের লক্ষ্যে বিত্তহীন ও জমিহীন পরিবারের সদস্যদেরকে আত্মকর্ম-সংস্থান ও আয় বৃদ্ধি মূলক প্রকল্প বাস্তবায়নের জন্য সহায়তামূলক কর্মসূচী পালন করা। যেমনঃ দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ, ~~সঞ্চয়ে উদ্বোদ্ধ করণে~~র মাধ্যমে নিজস্ব পুঁজি গঠনের ব্যবস্থা করা।

মোঃ জিয়াউল কাউসার
সম্পাদক
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

(জহর লাল দত্ত)
সভাপতি
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

Scanned with CamScanner

 সংশোধিত

খ) মাইক্রো ক্রেডিট রেগুলেটরী অথরিটির অনুমোদন স্বাপেক্ষে ক্ষুদ্রঋণ প্রকল্পের আওতায় বিভিন্ন বৈধ উৎস হতে প্রাপ্ত অর্থের সাহায্যে গঠিত ঘূর্ণায়মান তহবিল হতে ন্যায্য সার্ভিস চার্জে, সহজ শর্তে জামানত বিহীন ক্ষুদ্র ক্ষুদ্র ঋণ সরবারাহের মাধ্যমে পূঁজির যোগান দেখা। একই সাথে আয় ও কর্মসংস্থান মূলক ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়নের কার্যকর কর্মসূচী বাস্তবায়ন করা।

গ) আর্সেনিক মুক্ত বিশুদ্ধ পানি সরবরাহের জন্য বিভিন্ন ধরণের প্রকল্প গ্রহণ করা।

ঘ) প্রতিবন্ধী, শারীরিক প্রতিবন্ধী ও বিকলাঙ্গদের নিয়ে যে কোন কার্যক্রম বাস্তবায়ন করা।

ঙ) সমাজ সেবা অধিদপ্তরের অনুমোদনক্রমে উক্ত কর্মসূচী সমূহ বাস্তবায়ন করা হবে।

## ৩। স্বাস্থ্য সেবা ঃ

ক) গণ মানুষের অংশ গ্রহণের মাধ্যমে প্রাথমিক স্বাস্থ্য সেবা, প্রজনন স্বাস্থ্য সেবা, পুষ্টিমান উন্নয়ন, নিরাপদ মাতৃত্ব ও শিশু স্বাস্থ্য বিষয়ক প্রকল্প বাস্তবায়ন করা।

খ) এলাকার দরিদ্র জনগোষ্ঠীকে স্বাস্থ্য সেবা পৌছে দেওয়ার লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণের পদক্ষেপ গ্রহণ ও দাতব্য চিকিৎসা কেন্দ্র পরিচালনা করা।

গ) শিশুদের অকাল মৃত্যু রোধ কল্পে টিকাদান সুষ্ঠু বাস্তবায়নসহ মা ও শিশুর যত্নের প্রতি লক্ষ্য রেখে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

ঘ) ম্যালেরিয়া, ডাইরিয়া, মরণব্যধি এইডস্ রোগের কারণ সমূহের ব্যাপারে স্বাস্থ্য সচেতন করে তোলার লক্ষ্যে ব্যাপক প্রচার কার্যক্রম পরিচালনা ও স্বাস্থ্য সম্মত পায়খানা ব্যবহার ও প্রকল্প গ্রহণ।

ঙ) মাদক দ্রব্য সেবনের অপকারিতা সম্পর্কে তরুন সমাজকে সচেতন করার লক্ষ্যে বিভিন্ন ড্রাগ নেশার কুফল সম্পর্কে বিভিন্ন কার্যক্রম গ্রহণ।

চ) স্বাস্থ্য অধিদপ্তরের সহযোগিতা/ অনুমোদনক্রমে উক্ত কর্মসূচী সমূহ বাস্তবায়ন করা হবে।

মোঃ [illegible] কাউসার
সম্পাদক
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

[illegible]
সভাপতি
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

Scanned with CamScanner

সংশোধিত

## ৪। নারী ও শিশু উন্নয়ন ঃ

ক) মহিলাদের সামাজিক সচেতনতা বৃদ্ধিসহ সামাজিক মর্যাদা, নারীর অধিকার (আইনগত ও সামাজিক নিরাপত্তাহীনতা, সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশ গ্রহণের সমসুযোগের অভাব, নারী শ্রমিক, নারীর প্রতি সহিংসতা ইত্যাদি) নারী পাচার প্রতিরোধ ইত্যাদি প্রতিষ্ঠার উদ্দেশ্যে পদক্ষেপ গ্রহণ।

খ) মহিলাদেরকে স্বাবলম্বী করার উদ্দেশ্যে ব্যবস্থা ও ক্ষুদ্রশিল্প স্থাপনে উদ্বুদ্ধ করণ এবং প্রয়োজনীয় সহায়তা করা।

গ) নারীর শিক্ষার হার বৃদ্ধি ও যৌতুক বিরোধী সামাজিক আন্দোলন গড়ে তোলতে পদক্ষেপ গ্রহণ।

ঘ) দুঃস্থ মহিলাদের কল্যাণে স্বাস্থ্য, ধাত্রী প্রশিক্ষণ, সন্তান প্রসব ও লালন পালন ইত্যাদি পরামর্শদান এবং প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ।

ঙ) নির্যাতিত ও তালাক প্রাপ্ত নারীদের আইনি সহায়তা প্রদান।

চ) আদিবাসী, সংখ্যা লঘু ও সমাজ বিচ্ছিন্ন নারী গোষ্ঠীর অধিকার সহ অন্যান্য যে কোন ধরণের নির্যাতন প্রতিরোধ কল্পে সামাজিকভাবে কার্যকর ভূমিকা রক্ষার্থে কর্মসূচী বাস্তবায়ন করা।

ছ) শিশুদের সার্বিক বিকাশ, শিশু পাচার রোধ ও শিশু অধিকার (শিশু শ্রম, ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশু ইত্যাদি) প্রতিষ্ঠার জন্য প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ।

জ) মহিলা বিষয়ক অধিদপ্তরে সহযোগিতা / অনুমোদনক্রমে উক্ত কর্মসূচী সমূহ বাস্ত বায়ন করা হবে।

## ৫। যুব কল্যাণ ঃ

ক) বিত্তহীন, ভূমিহীন, নিঃস্ব ও দুঃস্থ্য জনগণকে বৃত্তিমূলক কারিগরী প্রশিক্ষণের মাধ্যমে এবং যুবক ও যুবতীদের দক্ষতা ও উদ্যোমের বিকাশ সাধন, তাদের কর্মের সুযোগ বৃদ্ধি করার জন্য উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ন করা।

খ) বেকার যুব সম্প্রদায়কে যুগোপযোগী প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণ করা। বনায়ন, কৃষি, পশু পালন, মৎস্যচাষ, পোল্ট্রি ফার্ম, দুগ্ধ খামার,

মোঃ জিয়াউল কাউসার
সম্পাদক
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

সভাপতি
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

Scanned with CamScanner

**সংশোধিত**

কুটির শিল্প, ক্ষুদ্র শিল্প, তাঁত শিল্প, ব্যবসা ইত্যাদি কর্মসূচী বাস্তবায়নে প্রয়োজনীয় মূলধন সংস্থান করা।

গ) যুব উন্নয়ন অধিদপ্তরের সহযোগীতায় ও ক্রমে উক্ত কর্মসূচী সমূহ বাস্তবায়ন করা।

**৬। পরিবার পরিকল্পনা ঃ**

ক) দারিদ্র বিমোচনে ও পরিকল্পিত নগবায়নে জন্য পরিবার পরিকল্পনা কার্যক্রম বাস্ত বায়ন করা।

খ) অভীষ্ট জনগোষ্ঠীর পরিবারের সদস্য সীমিত রাখার উপর গুরুত্ব আরোপ করতঃ জন্মশাসন সম্পর্কে জ্ঞান দান, উদ্বুদ্ধকরণ, সংস্কার ও অন্যান্য জাতীয় আন্তর্জাতিক সংস্থা কর্তৃক গৃহীত কর্মসূচীতে তাহাদেরকে করণে সহায়তা ভূমিকা পালন।

গ) পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহযোগিতায়/ অনুমোদন ক্রমে কর্মসূচী সমূহ বাস্তবায়ন করা হবে।

**৭। পরিবেশ ও বনায়ন ঃ**

ক) পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য এলাকায় গাছ লাগানোর জন্য বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা।

খ) পারিবারিক ও সামাজিক বনায়নে উৎসাহ প্রদান ও ব্যাপক বনাঞ্চল গড়ে তোলার ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা।

গ) বন ও পরিবেশ অধিদপ্তরের সহযোগিতায় ও অনুমোদনক্রমে উক্ত কর্মসূচী সমূহ বাস্তবায়ন করা হবে।

**অনুচ্ছেদ ০৭। বর্ষ গণনা ঃ**

প্রতি বছর ১লা জুলাই হতে ৩০শে জুন পর্যন্ত এ সংস্থার বর্ষ গণনা শুরু হবে।

**অনুচ্ছেদ ০৮ ঃ**

**(ক) সদস্যপদ লাভের যোগ্যতাবলী ঃ**

(০১) ১৮ বছর বা তদুর্ধ বয়সের সৎ, চরিত্রবান, ব্যক্তিত্ব সম্পন্ন যে কোন বাংলাদেশী নাগরিক পুরুষ বা মহিলা এ সংস্থার সাধারণ পরিষদের সদস্য পদ লাভ করতে পারবে।

মোঃ জিয়াউল কাউসার
সম্পাদক
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

(জহর লাল ...)
সভাপতি
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

Scanned with CamScanner

সংশোধিত

(০২)এ সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্যের প্রতি আস্থাশীল, সংস্থার উন্নতি বিধানে অবদান রাখতে আগ্রহী, সংস্থার সকল আইন-কানুন মেনে চলতে হবে এবং সংস্থা ও সংবিধানের প্রতি আনুগন্য স্বীকার করতে হবে।

(০৩)সংস্থার আওতাভূক্ত এলাকার দায়িত্ববান ও সেবা মূলক কাজে সহায়তা করার মত সমমনা ব্যক্তিত্ব।

(০৪)কোন বিকৃত মস্তিস্ক ব্যক্তি এই সংস্থার সদস্য হতে পারবেন না।

**(খ) সদস্যদের শ্রেণী বিভাগঃ**

**০২ (দুই) প্রকার সদস্য থাকবেঃ**

**(i) সাধারণ সদস্য।**

**(ii) পৃষ্ঠপোষক বা আজীবন সদস্য।**

**(i) সাধারণ সদস্যঃ**

এই সংস্থার সাধারণ সদস্যপদ লাভ করতে হলে সদস্য সাধারণ সম্পাদক বরাবর আবেদন করতে হবে। নির্বাহী পরিষদের ৩/৪ সদস্য অনুমোদন করলে ভর্তি ফি ও এক বছরের চাঁদা প্রদান করে সংস্থার সদস্যপদ লাভ করা যাবে। এ ক্ষেত্রে প্রত্যেক সদস্যকে ভর্তি ফি ৫০/= (পঞ্চাশ) টাকা এবং বার্ষিক ২০০ টাকা হারে চাঁদা দিতে হবে। (সাধারণ পরিষদ এর মাধ্যমে সদস্যপদ চূড়ান্ত ভাবে গৃহীত হবে।

**(ii) পৃষ্ঠপোষক বা আজীবন সদস্যঃ**

যিনি সাধারণ পরিষদের সদস্য নহেন অথচ এ সংস্থার প্রতি আস্থাশীল, হিতাকাঙ্খী এবং সংস্থার উন্নতি বিধানে আগ্রহী এইরূপ ব্যক্তিকে পৃষ্ঠপোষক বা আজীবন সদস্য করা যেতে পারবে। পৃষ্ঠ পোষক সদস্য পদ লাভ করতে হলে সংস্থার সদস্য সচিব বরাবর আবেদন করতে হবে এবং নির্বাহী পরিষদের অনুমোদন সাপেক্ষে সংস্থার তহবিলে এককালীন ১০,০০০/= (দশ হাজার) টাকা চাঁদা প্রদান করতে হবে। সম্মানীত পৃষ্ঠপোষক সদস্যবৃন্দ ভোটাধিকার প্রয়োগ ও নির্বাচনে অংশ গ্রহণ করতে পারবেন না।

**(গ) সদস্যদের দায়িত্ব, কর্তব্য ও অধিকারঃ**

(i) সংস্থার যাবতীয় দায় ও দেনার ক্ষেত্রে প্রত্যেক সদস্য সমান ভাবে সম্পৃক্ত থাকবে।

১৫/৭/০৯ইং

মোঃ জিয়াউল কাউসার
সম্পাদক
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

15.07.09.

সভাপতি
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

Scanned with CamScanner

সংশোধিত

(ii) কোন সদস্য দুই বা ততোধিক সাধারণ সভায় অংশ গ্রহণ করিতে না পারিলে উক্ত সদস্য সংগঠনের যাবতীয় হিসাব নিকাশ কার্যকরী কমিটির সম্পত্তিতে ব্যক্তিগত ভাবে দেখিতে পরিবেন। তবে এই ক্ষেত্রে কোন ক্রমেই কার্যকরী কমিটিতে চাপ প্রয়োগ করিতে পারিবেন না।

(iii) প্রত্যেক সদস্য সংগঠনের গুরুত্বপূর্ণ বিষয়ে ভোট দান ও ভেটো প্রয়োগ করিতে পারিবেন।

(iv) সংগঠনের গঠনতন্ত্রে উল্লেখিত সেবামূলক কার্যক্রম বাস্তবায়নের জন্য সকল সদস্য সার্বিক সহযোগীতা করিতে বাধ্য থাকিবে।

**অনুচ্ছেদ ০৯। সদস্য পদ সাময়িক স্থগিত বা বাতিল করনঃ**

(ক) কোন সদস্য যদি কোন ভাবে রাজনৈতিক কর্মকান্ডে সংগঠনকে সম্পৃক্ত করে সংগঠনের চলমান কার্যক্রমে ব্যাঘাত সৃষ্টি করে এবং সংগঠনের মূল আদর্শের ভীত হুমকির সম্মুখীন তাহলে ঐ সদস্যদের সদস্যপদ বাতিল হয়ে যাবে।

(খ) কোন সদস্য যদি ডাক্তারী মতে মানসিক ভারসাম্য, বিকৃত মস্তিস্ক, পাগল বলে বিবেচিত হয় তবে ঐ ক্ষেত্রে ঐ সদস্য সংগঠনের গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণে ভোট প্রদানে অযোগ্য বলিয়া বিবেচিত হবেন এবং তাহা নির্বাহী পরিষদ সভার মাধ্যমে উক্ত সদস্যের সদস্যপদ বাতিল বা সাময়িক স্থগিত করা যেতে পারে।

(গ) যদি কোন সভ্য পর পর ২ (দুই) বছর বাৎসরিক চাঁদা দিতে ব্যর্থ হণ অথবা উপযুক্ত কারণ ছাড়া পর পর তিনটি বার্ষিক সাধারণ সভায় অনুপস্থিত থাকেন তবে তার সদস্যপদ বাতিল বলে গণ্য হবে।

(ঘ) যদি কোন সদস্য সংস্থার স্বার্থ পরিপন্থী কোন কাজে অংশ গ্রহণ করে বা লিপ্ত থাকে অথবা যদি কোন সদস্য আদালত কর্তৃক দোষী সাব্যস্থ হয়, তাহলে উক্ত সদস্যদের সদস্য পদ বাতিল বা সাময়িক স্থগিত করা যেতে পারে।

(ঙ) যদি কোন সদস্য পরলোক গমণ করেন তবে তার সদস্য পদ বাতিল হবে।

(চ) যদি কোন সদস্য সংস্থার সদস্য পদ থেকে ইস্তফা নিতে চান তবে তাকে সংস্থার কর্তৃপক্ষের বরাবর আবেদন করতে হবে এবং নির্বাহী পরিষদের অনুমোদন সাপেক্ষে আবেদনকারীর সদস্যপদ বাতিল বলে গণ্য হবে।

(ছ) সরকারী অথবা বে-সরকারী স্বায়ত্বশাসিত সংস্থার কর্মরত কর্মচারী হইলে।

(জ) কোন সদস্য সংস্থার চাকুরী গ্রহণ করিলে তাহার সদস্যপদ বাতিল হইয়া যাইবে।

১৫/৭/০৯
মোঃ জিয়াউল কাউসার
সম্পাদক
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

15.07.09
(জহর লাল দত্ত)
সভাপতি
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

Scanned with CamScanner

**অনুচ্ছেদ ১০। শাস্তিমূলক ব্যবস্থাঃ**

সংস্থার শৃংখলা, আদর্শ এবং স্বার্থের পরিপন্থি কাজের জন্য নির্বাহী পরিষদ কোন সদস্যের বিরুদ্ধে বহিষ্কার সহ প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

**অনুচ্ছেদ ১১। বাতিল সদস্যের পুণঃ সদস্যপদ পুণঃ বহালঃ**

যদি কোন বাতিল সদস্য পুনরায় সদস্যপদ লাভ করতে ইচ্ছা প্রকাশ করেন তবে তাকে ৫০০/= (পাঁচশত) টাকা পুণঃ বিবেচনা ফি সহ সদস্য সচিব বরাবর আবেদন করতে হবে। সদস্য সচিব নির্বাহী পরিষদের অধিবেশনে তা উপস্থাপন করবেন। নির্বাহী পরিষদের বিচার বিবেচনার পর আবেদনকারীর আবেদন অনুমোদিত হলে পুণরায় ভর্তি ফি এবং ১ (এক) বছরের চাঁদা প্রদান পূর্বক সদস্য পদ লাভ করতে পারবেন।

উল্লেখ্য যে, বহিস্কৃত সদস্য কখনই পুণরায় সদস্য পদ লাভ করতে পারবে না।

**অনুচ্ছেদ ১২।**

সাধারণ সদস্যগণের নাম, ঠিকানা, পেশা ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য সম্বলিত একখানা রেজিষ্ট্রার সংস্থার কার্যালয়ে সংরক্ষণ করা হবে এবং কোন প্রকার পরিবর্তন ঘটলে তদানুযায়ী তা সংশোধন করা হবে।

**অনুচ্ছেদ ১৩। সাংগঠনিক কাঠামোঃ**

**(১) অবলম্বনের সাংগঠনিক কাঠামো নিম্নলিখিত তিনটি পরিষদের সমন্বয়ে গঠিত হবে।**

(ক) সাধারণ পরিষদ।
(খ) নির্বাহী পরিষদ।
(গ) উপদেষ্টা পরিষদ।

**(ক) সাধারণ পরিষদঃ**

সকল সাধারণ সদস্যদের সমন্বয়ে এ পরিষদ গঠিত হবে। তবে তা কমপক্ষে ২১ জনে সীমাবদ্ধ থাকবে। এ পরিষদ সংস্থার স্বার্থ সংক্রান্ত যাবতীয় উন্নয়নমূলক কাজে পূর্ণ মতামত প্রদান এবং সিদ্ধান্ত গ্রহণ সহ নির্বাহী পরিষদ নির্বাচন, বার্ষিক আয়-ব্যায়ের অনুমোদন, বার্ষিক বাজেট ও কর্ম পরিকল্পনা অনুমোদন, বার্ষিক অডিট রিপোর্ট পর্যালোচনা, বার্ষিক প্রতিবেদন পর্যালোচনা,

১৫/৭/০৯

মোঃ জিয়াউল কাউসার
সম্পাদক
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

15.07.09

(জহির লাল দাস)
সভাপতি
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

Scanned with CamScanner

সংশোধিত

গঠনতন্ত্র সংশোধন ও অন্যান্য জটিল বিষয়াদি সমাধান করবে। সাধারণ পরিষদের অধিবেশন বৎসরে একবার অনুষ্ঠিত হবে। তবে তা বিশেষ প্রয়োজনে একাধিকবার করা যেতে পারে। এ পরিষদ প্রতি ৩ (তিন) বছরে একবার নির্বাহী পরিষদ নির্বাচিত করবে।

**(খ) নির্বাহী পরিষদঃ**

সাধারণ পরিষদের নির্বাচনের মাধ্যমে এ সংস্থার ৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি নির্বাহী পরিষদ থাকবে। সকল সাধারণ সদস্য নির্বাহী পরিষদের যে কোন পদে প্রতিদ্বন্দিতা করতে পারবেন এবং সংখ্যাধিক্য ভোটে নির্বাহী পরিষদের সদস্য হতে পারবেন। কোন কারণে নির্বাহী পরিষদের (নির্বাচিত) সদস্যপদ শূণ্য হলে নির্বাহী পরিষদ সাধারণ সদস্যদের মধ্য হতে অন্তর্বর্তীকালীন সময়ের জন্য মনোনিত করবে এবং তার সম্মতির ভিত্তিতে তা কার্যকর হবে।

**নির্বাহী পরিষদের কাঠামোঃ**

| | |
|---|---|
| সভাপতি | - ০১ (এক) জন |
| সহ-সভাপতি | - ০১ (এক) জন |
| সাধারণ সম্পাদক | - ০১ (এক) জন |
| কোষাধ্যক্ষ | - ০১ (এক) জন |
| সদস্য | - ০৩ (তিন) জন |
| মোট | - ৭ (সাত) জন |

নির্বাহী পরিষদের মেয়াদ হবে ৩ (তিন) বছর। তবে বিশেষ প্রয়োজনে বার্ষিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বিশেষ সাধারণ সভা (ইজিএম) এর মাধ্যমে মেয়াদ পূর্তির পূর্বেই নির্বাহী পরিষদ ভেঙ্গে দিয়ে নতুন পরিষদ গঠন করা যেতে পারে।

**অনুচ্ছেদ ১৪। নির্বাহী পরিষদের দায়িত্ব ও ক্ষমতাঃ**

(ক) নির্বাহী পরিষদ সংস্থার কর্মসূচী সমূহের গতিধারাকে অব্যাহত রাখতে দিক নির্দেশনা ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন। সাধারণ পরিষদের পক্ষে সংস্থা পরিচালনা ও কার্যাবলীর সমন্বয় সাধনের সামগ্রিক দায়িত্ব নির্বাহী পরিষদের হাতে থাকবে। এ পরিষদ সংস্থার সুষ্ঠু পরিচালনার্থে নীতিমালা, পরিকল্পনা প্রণয়ন ও সাধারণ পরিষদের অনুমোদন সাপেক্ষে বাস্তবায়ন নিশ্চিত করবে। বার্ষিক বাজেট ও অডিট রিপোর্ট পর্যালোচনা ও অনুমোদনের জন্য সাধারণ পরিষদে উপস্থাপন, বার্ষিক

১৫/৭/০৯

মোঃ জিয়াউল কাউসার
সম্পাদক
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

15.07.09.

(জহর লাল দাস)
সভাপতি
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

Scanned with CamScanner

সংশোধিত

প্রতিবেদন প্রণয়ন, সংস্থার বাস্তবায়নাধীন কার্যক্রম সমূহ পর্যালোচনা ইত্যাদি কাজের জন্য নির্বাহী পরিষদ দায়িত্ব পালন করবে। পাশাপাশি সংস্থার কার্যক্রম বাস্তবায়নার্থে অর্থায়নের জন্য নির্বাহী পরিষদ দায়িত্ব পালন করবে। পাশাপাশি সংস্থার কার্যক্রম বাস্তবায়নার্থে অর্থায়নের জন্য প্রয়াসী হবে।

(ii) নিম্ন লিখিত এক বা একাধিক কারনে কোন নির্বাহী পরিষদের সদস্য তার সদস্য পদ হারাতে পারেন ঃ-

□ যদি কোন সদস্য একাধিক ক্রমে নির্বাহী পরিষদের পর পর তিনটি সভায় অনুপস্থিত থাকেন।

□□ যদি কোন সদস্যের কাজকর্ম বা আচারণ সংস্থার স্বার্থ পরিপন্থি বলে বিবেচিত হয় যা সংস্থার দুই তৃতীয়াংশ সাধারন পরিষদ সদস্য কর্তৃক প্রত্যায়িত হয়।

□□ যদি কোন সদস্যের মৃত্যু হয়।

## অনুচ্ছেদ ১৫। উপদেষ্টা পরিষদ ঃ

সাধারণ পরিষদের অনুমোদন সাপেক্ষে প্রস্তাবিত কর্ম এলাকার বিশিষ্ট্য ব্যক্তিবর্গের সমন্বয়ে একটি উপদেষ্টা পরিষদ গঠন করা হবে। সংবিধান মোতাবেক কোন কার্যক্রম বাস্তবায়নের জন্য তাঁরা পরার্মশ ও সহযোগীতা প্রদান করবেন। সংস্থার উন্নয়ন কল্পে ও সুনাম বৃদ্ধির জন্য বিভিন্ন সেবা কার্যক্রম গ্রহণে সুপারিশ ও মতামত প্রদান করতে পারবেন। এ পরিষদের মেয়াদ কাল ২ (দুই) বছর বলবত থাকবে। তাঁরা নির্বাহী পরিষদের কোন ভোটাধিকার থাকবেন।

## অনুচ্ছেদ ১৬। সভাপতি ঃ

সভাপতি সাধারন পরিষদ ও নির্বাহী পরিষদ সভাসহ সকল প্রকার সভার সভাপতিত্ব করবেন। তিনি সংগঠনের প্রধান থাকিবেন। যে কোন সময় যে কোন নির্বাহীর বিরুদ্ধে গঠনতন্ত্র মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহন করিতে পারিবেন। তিনি সকল সভার কার্য বিবরণীতে স্বাক্ষর করবেন এবং সভাসমূহ আহবান করার ব্যাপারে সাধারন সম্পাদককে পরামর্শ দান করবেন। বিশেষ প্রয়োজনে সভাপতি নিজেই সভা আহবান করতে পারবেন। তিনি সভার কার্য বিবরণীতে স্বাক্ষর করবেন।

কোন সভায় কোন বিষয়ে বিতর্ক দেখা দিলে এবং সমান সংখ্যক ভোট পেলে তিনি নিজ ক্ষমতা বলে একটি কাষ্টিং ভোট প্রয়োগ করে মীমাংসা করতে পারবেন।

মোঃ জিয়াউল হাউদার
সম্পাদক
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

(জহর লাল দত্ত)
সভাপতি
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

অথবা ইচ্ছা করলে সভা মূলতবী ঘোষনা করতে পারবেন তবে মূলতবী সভা অবশ্যই ৭ দিনের মধ্যে অনুষ্ঠিত হবে। সর্বোপরি তিনি সংস্থা পরিচালনা ও কার্যক্রম বাস্তবায়নে যে কোন সংকট নিরসনে ভূমিকা পালন করবেন এবং অগ্রগতির জন্য ইতিবাচক পরামর্শ দিবেন।

**অনুচ্ছেদ ১৭। সহ-সভাপতি ঃ**

তিনি সভাপতির অনুপস্থিতে/অবর্তমানে সভাপতির যাবতীয় কাজ সহ সভাপতি পালন করবেন। সভাপতির বর্তমানে তাকে সহায়তা দান করবেন এবং সভাপতির অনুরোধে তার প্রতিনিধিত্ব করবেন।

**অনুচ্ছেদ ১৮। সাধারন সম্পাদক ঃ**

তিনি সংস্থার লক্ষ্য, উদ্দেশ্য ও কার্যকরী পরিষদের প্রকল্প বাস্তবায়নের নির্বাহী পরিচালকের দায়িত্ব পালন করবেন। তিনি সভাপতির সঙ্গে পরামর্শ ক্রমে নির্বাহী পরিষদের সভা ও বার্ষিক সাধারন সভা আহবান করবেন। সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করে সভাপতির স্বাক্ষর গ্রহণ করবেন। সাধারন পরিষদ ও নির্বাহী পরিষদ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত সমূহ তিনি বাস্তবায়ন করবেন। প্রতিটি প্রকল্পের জন্য পৃথক হিসাব বিবরণী ও প্রয়োজনীয় রেজিষ্টারাদি সংরক্ষণ করবেন। সে আলোকে তিনি সংস্থার অর্গানোগ্রাম প্রস্তুত ও সময়োচিত সংশোধন কল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের নির্বাহী পরিষদে পেশ করবেন। প্রকল্প সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ, সাধারণ পরিষদ ও নির্বাহী পরিষদ কর্তৃক অনুমোদিত বিধিমালা অনুযায়ী নির্বাহী পরিষদের পক্ষে সংস্থার বার্ষিক বাজেট ও বার্ষিক প্রতিবেদন পেশ ইত্যাদি তার অন্যতম মৌলিক দায়িত্ব। তিনি সংস্থার নির্বাহী পরিচালক হিসাবে এ সংস্থার আওতায় নিয়োজিত সকল স্তরের কর্মকর্ত-কর্মচারীদের নিয়োগ ও নিয়োপত্র সভাপতির যৌথ স্বাক্ষর ক্রমে বিতরণ করবেন।

তিনি অপরাপর সরকারী ও বেসরকারী ও বিভিন্ন দাতা সংস্থার সঙ্গে যোগাযোগ, কর্মপরিকল্পনা, চুক্তি স্বাক্ষর প্রকল্প সংক্রান্ত পরিকল্পনা প্রনয়ন, কর্মসূচী বাস্তবায়নে কৌশল উদ্ভাবন এবং সংস্থার আর্থিক ও প্রশাসনিক শৃঙ্খলা রক্ষার দায়িত্ব পালন করবেন।

**অনুচ্ছেদ ১৯। কোষাধ্যক্ষের দায়িত্ব ও কর্তব্য ঃ**

কোষাধ্যক্ষ সংস্থার যাবতীয় হিসাব ব্যবস্থাপনার পর্যবেক্ষণ করবেন। তিনি সংস্থার আয়-ব্যয়ের হিসাব রক্ষণ ব্যবস্থায় সহায়তা এবং বার্ষিক সাধারন অধিবেশনে আয়-ব্যয়ের বার্ষিক হিসাব ও বাজেট পেশে সহযোগীতা করবেন। সংস্থার সদস্য চাঁদা,

মোঃ জিয়াউস সাদিক
সম্পাদক
অবলম্বন
আমড়াতলী বাজার
ব... কুমিল্লা।

(অহর লাল দত্ত)
সভাপতি
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

15.07.09

Scanned with CamScanner

সংশোধিত

দান ও অন্যান্য তহবিল,সভাপতি/কোষাধ্যক্ষ ও সম্পাদক অর্থাৎ নির্বাহী পরিচালকে/প্রধান নির্বাহীর যৌথ স্বাক্ষরে তফসিলি ব্যাংকে হিসাব খোলার মাধ্যমে পরিচালিত সংস্থার তহবিল সংগ্রহে তিনি উদ্যোগী হবেন।

**অনুচ্ছেদ ২০। নির্বাহী পরিষদের সদস্যগণের দায়িত্ব কর্তব্য ঃ**

তারা নির্বাহী পরিষদের সভায় উপস্থিত হয়ে সংস্থার বাস্তবায়নাধীন কর্মসূচী সমূহের পর্যলোচনা করবেন। সভাপতি, সম্পাদক ও কোষাধ্যক্ষের কাজে সহযোগিতা করবেন। সম্পাদক ও কোষাধ্যক্ষের অবর্তমানে নির্বাহী পরিষদের সিদ্বান্তক্রমে নির্বাহী সদস্যগণ তাদের দায়িত্ব পালন করবেন।

**অনুচ্ছেদ ২১। কর্মসূচী বাস্তবায়ন পদ্ধতিঃ**

(ক) অবলম্বনের প্রকল্প সমূহ কর্মসূচী বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়িত হবে। কর্মসূচী বাস্তবায়নে কমিটি সংস্থা কর্তৃক নিয়োগকৃত দক্ষ কর্মীর সমন্বয়ে গঠিত হবে। নির্বাহী পরিষদ কর্তৃক নিয়োগকৃত পরিচালক সংস্থার দায়িত্ব পালন করবেন।

(খ) নির্বাহী পরিষদের পরামর্শে এবং অবলম্বন এর চাকুরী বিধির ভিত্তিতে সংস্থার নির্বাহী পরিচালক সকল কর্মী নিয়োগ, পদোন্নতি,পদাবনতি এবং বরখাস্ত করতে পারবেন।

(গ) সংস্থার ভাবমূর্তি বিকাশে কর্মসূচী সমূহের বাস্তবায়ন, সম্প্রসারণ ও অর্থায়নের জন্য নির্বাহী পরিচালক মুখ্য দায়-দায়িত্ব পালন করবেন।

(ঘ) সংস্থার কর্মসূচী সম্প্রসারণ ও বাস্তবায়নের ক্ষেত্রে প্রয়োজনে শাখা অফিস খোলা যাবে।

(ঙ) নির্বাহী পরিচালক সংস্থা সংশ্লিষ্ট সকল কর্মকান্ডের জন্য নির্বাহী পরিষদের নিকট জবাব দিহি করবেন।

**অনুচ্ছেদ ২২। নির্বাহী পরিষদ নির্বাচন ঃ**

(ক) প্রতি তিন বৎসরে একবার সংস্থা সভ্যবৃন্দ পরিষদ গঠন করবেন।

(খ) নির্বাহী পরিষদ নির্বাচন কমিশন গঠন করে নির্বাচন কার্য পরিচালনা করবেন।

(গ) সভাপতি নির্বাহী পরিষদের মেয়াদ শেষ হবার ২০ (বিশ) দিনের মধ্যে নির্বাচনের তারিখ ঘোষনা করবেন। নির্বাচন গোপন ব্যালটের মাধ্যমে অথবা বার্ষিক সাধারন সভায় হাত উত্তোলনের মাধ্যমে অনুষ্ঠিত হতে পারে।

১৫/৭/০৯

মোঃ জিয়াউল কাউসার
সম্পাদক
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

15.07.09

(জহুর লাল ...)
সভাপতি
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

Scanned with CamScanner

সংশোধিত

(ঘ) সাঃ সম্পাদক নির্বাচনের কমপক্ষে ১ (এক) মাস পূর্বে অবশ্যই সদস্যদের চূড়ান্ত ভোটার তালিকা সংস্থার নোটিশ বোর্ডে ঝুলিয়ে দিতে হবে। নির্বাচন কেন্দ্রে কোন প্রকার প্রচার কার্য চলিবে না।

(ঙ) যাদের মাসিক চাঁদা পরিশোধ থাকিবে তাহারাই বোটার হিসাবেগণ্য হবে এবং যে কোন একট পদের জন্য একটি করিয়া ভোট দিতে পারবেন।

(চ) সংস্থার নির্বাহী পরিষদের নির্বাচনে কোন প্রার্থী বা তার সমর্থকবৃন্দ অন্য কোন প্রার্থীর কার্যকলাপ সম্বন্ধে নিন্দনীয় এবং হিংসাত্মক প্রচারনা চালাতে পারবেন না। যদি সংস্থার কেউ নির্বাহী পরিষদের নির্বাচনে উল্লেখিত কর্মে লিপ্ত থাকেন বলে প্রমাণিত হয় তবে তাকে উক্ত নির্বাচনে ভোটাধিকার থেকে বিরত রাখা হবে।

(ছ) নির্বাচন অনুষ্ঠিত হওয়ার সঙ্গে সঙ্গে নির্বাহী পরিষদ বেঙ্গে যাবে। অবশ্য নতুন পরিষদ সংস্থার দায়িত্ব ভার গ্রহণ করার পূর্ব মুহূর্ত পর্যন্ত পুরাতন পরিষদ কাজ চালিয়ে যাবে।

(জ) নির্বাচন পরিচালনার জন্য সাধারন পরিষদ কর্তৃক সংস্থার সাথে জড়িত নহেন এইরূপ নিরপেক্ষ গণ্যমান্য ব্যক্তি অথবা যে কোন সরকারী অফিসের কর্মকর্তাকে রিটার্নিং অফিসার হিসাবে মনোনীত করবেন। রিটানিং অফিসার প্রয়োজন মনে করলে ১/২ জন পোলিং অফিসার নিয়োগ করতে পারবেন। নির্বাচনের ৭ (সাত) দিন পূর্বে অবশ্যই নির্বাচন সংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র রিটার্নিং অফিসারের নিকট জমা দিতে হবে।

(ঝ) রিটার্নিং অফিসার কর্তৃক নির্বাচনী ফলাফল চূড়ান্ত বলে গণ্য হবে। রিটার্নিং অফিসার কর্তৃক ফলাফল ঘোষনার ৭(সাত) দিনের পুরাতন কমিটি নব নির্বাচিত কমিটির নিকট সংস্থার যাবতীয় দায়-দায়িত্ব বুঝিয়ে দিতে বাধ্য থাকিবেন।

(ঞ) অনিবার্য কারন বশতঃ নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচন সম্ভব না হলে সাধারন পরিষদের সভায় নির্বাহী পরিষদের কার্যকাল অনিধিক ৩ (তিন মাস) পর্যন্ত বাড়ানো যাবে এবং বর্ধিত সময়ের মধ্যে নির্বাচন কার্য অবশ্যই সম্পাদন করতে হবে এবং নতুন কমিটির নিকট ক্ষমতা হস্তান্তর করতে হবে।

**অনুচ্ছেদ ২৩। সভা সমূহ ঃ**

এ সংস্থায় বিভিন্ন ধরনের সভা হতে পারে। যেমনঃ সাধারণ সভা, নির্বাহী পরিষদ সভা, জরুরী সভা, তলবী সভা ও মূলতবি সভা।

২৫/৭/০৯
মোঃ জিয়াউল কাউসার
সম্পাদক
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

15.07.09
(জহর লাল দত্ত)
সভাপতি
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

Scanned with CamScanner

সংশোধিত

**অনুচ্ছেদ ২৪। সাধারন পরিষদ সভা ঃ**

(ক) বার্ষিক সাধারন সভা ঃ সাধারন পরিষদ পূর্ব বিজ্ঞপ্তি প্রদান পূর্বক বৎসরে অন্ততঃ একবার অধিবেশনে বসবে। অধিবেশনের স্থান, তারিখ ও সময় সম্পর্কে অন্ততঃ ১৫ (পনের) দিন পূর্বে বিজ্ঞপ্তি প্রদান করতে হবে। নিম্ন লিখিত বিষয় সমূহ এ অধিবেশনে স্থান পাবে ঃ

* বাজেট।
* আয়-ব্যয় হিসাব পর্যালোচনা ও গ্রহন।
* নিরীক্ষা প্রতিবেদন।
* বার্ষিক কর্ম পরিকল্পা
* নির্বাহী পরিষদ গঠন।

(খ) বিশেষ সাধারন সভা ঃ সংস্থার বিশেষ প্রয়োজনের তাগিদে বা তদ্রুপ পরিস্থিতির উদ্ভব হলে নির্বাহী পরিষদের সিদ্বান্তের প্রেক্ষিতে বিশেষ সাধারন সভা আহবান করা যাবে। এই সভায় অন্তরবর্তীকালীন প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহন করা যাবে। সংস্থার সাধারন পরিষদের সকল সদস্য এই সভায় অংশ গ্রহণ করবেন। এই সভা কমপক্ষে ৭ (সাত) দিন পূর্বে বিজ্ঞপ্তি প্রদান করতে হবে।

**অনুচ্ছেদ ২৫। নির্বাহী সভা ঃ**

(ক) নির্বাহী পরিষদ প্রতি ৩ (তিন) মাসে একবার (বছরে কম পক্ষে চার বার) সভা অনুষ্ঠিত হবে।

(খ) নির্বাহী পরিষদ সভার স্থান, তারিখ ও সময় উল্লেখ অন্ততঃ ৭ (সাত) দিন পূর্বে সংশ্লিষ্ট সদস্যগণের নিকট বিজ্ঞপ্তি প্রদান করতে হবে।

(গ) নির্বাহী পরিষদ সভায় সভ্যবৃন্দ বিভিন্ন উন্নয়ন মূলক কাজ ও সংস্থার অগ্রগতির বিষয়াদি নিয়ে আলোচনা করবেন এবং প্রয়োজনীয় পরমার্শ দিবেন।

(ঘ) নির্বাহী পরিষদ সভার কার্য বিবরণী একটি নির্দিষ্ট রেজিষ্টারে লিপিবদ্ধ থাকবে।

(ঙ) নির্বাহী পরিষদের মোট সদস্য সংখ্যার মধ্যে কমপক্ষে ৪ (চার) জন উপস্থিত থাকলে সভা চালানোর জন্য কোরাম হবে।

মোঃ জিয়াউল কাউসার
সম্পাদক
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।
২৫/৭/০৭

(জহর লাল দত্ত)
সভাপতি
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।
15.07.09

Scanned with CamScanner

সংশোধিত

**অনুচ্ছেদ ২৬। জরুরী সভা ঃ**

প্রয়োজনবোধে যে কোন সময় সম্পাদক সভাপতির সাথে পরমার্শ করে সাধারন পরিষদের জরুরী সভা ৩ (তিন) দিনের নোটিশে অনুষ্ঠিত হবে।

**অনুচ্ছেদ ২৭। তলবী সভা ঃ**

সংস্থার গঠনতন্ত্র অনুযায়ী সম্পাদক সভা আহবান না করলে ২/৩ অংশ সদস্য সম্পাদক ১ (এক) মাসের মধ্যে সভা আহ্বান না করলে তারা সভাপতি বরাবর আহ্বান জানাবেন, সভাপতি ১৫ (পনর) দিনের মধ্যে সভা আহবান না করলে সদস্যগণ নিজেরা সভা আহবান করতে পারবেন এবং সিদ্ধান্ত গ্রহন করতে পারবেন। তবে সংস্থার মোট সভ্যের ২/৩ অংশের উপস্থিতিতে সভা আহ্বান করে সভার সাধারন কার্যক্রম চালিয়ে যেতে পারবে। তবে এরূপ সভায় সকল সভ্যকে অবশ্যই ১০ (দশ) দিনপূর্বে বিজ্ঞপ্তি প্রদান করতে হবে।

**অনুচ্ছেদ ২৮। মূলতবি সভা ঃ**

সকল প্রকার সভার ক্ষেত্রে কোরাম পূরন না হওয়ার কারনে অনধিক দু'বার সভা মূলতবি রাখা যাবে। তৃতীয় এবং চুড়ান্ত পর্যায়ে উপস্থিত সদস্য বৃন্দ সভার সাধারন কার্যক্রম অব্যাহত রাখতে পারবেন।

**অনুচ্ছেদ ২৯। কোরাম ঃ**

সাধারন সভার সভ্যবৃন্দ ২/৩ অংশ অথবা সংখ্যাগরিষ্ট সদস্যের উপস্থিতিতে এবং নির্বাহী পরিষদ অধিবেশন ৫ (পাঁচ) সদস্যদের উপস্থিতিতে কোরাম পূরন হবে। কোরাম পূরণ না হলে অধিবেশন স্থগিত থাকবে।

**অনচ্ছেদ ৩০। এলাকা/ইউনিট/শাখা কার্যালয় ব্যবস্থাপনা ঃ**

সংস্থা কর্তৃক গৃহীত কর্মসূচী সমূহ বাস্তবায়নের স্বার্থে সংস্থা একাধিক এলাকা/ইউনিট/ শাখা কার্যালয় স্থাপন করবে। উক্ত এলাকা/ইউনিট/শাখা কার্যালয় সমূহ ব্যবস্থাপনার জন্য নির্বাহী পরিষদ সময়োচিত পদক্ষেপ ও প্রয়োজনীয় ম্যানুয়েল প্রণয়ন করবে। তবে নিবন্ধীকরণ কর্তৃপক্ষের অনুমোদন প্রয়োজন হবে।

২৫/৭/০৯

মোঃ জিয়াউল কাউসার
সম্পাদক

25.07.09

সংশোধিত

**অনুচ্ছেদ ৩১। সংস্থার অর্থায়নের উৎস ঃ**

(ক) এ সংস্থা তার কর্মসূচী সমূহ বাস্তবায়নের লক্ষ্যে সরকারী, বেসরকারী, আধা সরকারী ইত্যাদি যে কোন ধরনের দেশী অথবা বিদেশী আর্থিক প্রতিষ্ঠান বা সাহায্যকারী প্রতিষ্ঠান হতে ঋণ অথবা অনুদান গ্রহন করতে পারবে।

(খ) সাধারন পরিষদ, নির্বাহী পরিষদ অথবা পৃষ্ঠপোষক সদস্যগণের নিকট হতে ও এ সংস্থা সাহায্য, সঞ্চয়, ঋণ অথবা অনুদান গ্রহন করতে পারবে।

(গ) অবলম্বনের কর্মসূচীর গতিধারকে অব্যাহত রাখতে অথবা কার্যক্রম সম্প্রসারণের জন্য আন্তঃ প্রকল্প তহবিল স্থানান্তর,দলীয় সঞ্চয়, অর্থলগ্নীকারী প্রতিষ্ঠান, অথবা স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক ~~ব্যক্তি~~ থেকে ঋণ অথবা অনুদান গ্রহণ করতে পারবে।

**অনুচ্ছেদ ৩২। আর্থিক ব্যবস্থাপনা ঃ**

সংস্থার আয়ের উৎস ঃ

- সরকারী ও আধাসরকারী প্রতিষ্ঠানের অনুদান
- ব্যাংক আমানতের উপর প্রাপ্ত সুদ।
- সংস্থার সভ্যবৃন্দের ভর্তি ফি ও চাঁদা।
- কোন দাতার দান অথবা বে-সরকারী দাতা প্রতিষ্ঠানের অনুদান।
- সহায়ক পরিসেবা থেকে প্রাপ্ত অর্থ।
- প্রমোদমূলক অনুষ্ঠানের আয়াজনের মাধ্যমে সংগৃহীত অর্থ।
- সরাসরি উন্নয়নমূলক কর্মসূচী বাস্তবায়নের মাধ্যমে অর্জিত অর্থ।

**অনুচ্ছেদ ৩৩। ব্যাংকিং ব্যবস্থাপনাঃ**

নির্বাহী পরিষদ যে কোন তফসিলি বেসরকারী ব্যাংকে একাধিক হিসাব খুলতে পারবে। ব্যাংকে যে কেউ টাকা জমা দিতে পারবে। এর একটি হবে সংস্থার নামীয় মূল একাউন্ট (Mother Account) যাতে সভাপতি এবং সাঃ সম্পাদক/ কোষাধ্যক্ষ এ ৩ (তিন) জনের যে কোন ২ (দুই) জনের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। প্রকল্পের এলাকা/ইউনিট/শাখা কার্যালয়ের ব্যাংক হিসাব পরিচালনা সম্পর্কে নির্বাহী পরিষদ ভবিষ্যতে প্রয়োজন অনুযায়ী বিশেষ ব্যবস্থা নিতে পারবে।

১৫/৭/০৯ইং

মোঃ জিয়াউল কাউসার
সম্পাদক
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

15.07.09

(জহর লাল দত্ত)
সভাপতি
অবলম্বন
আমড়াতলী বাজার
বরুড়া, কুমিল্লা।

Scanned with CamScanner

**অনুচ্ছেদ ৩৪। হিসাব নিরীক্ষা ঃ**

সংস্থার যাবতীয় হিসাবপত্র আধুনিক হিসাব রক্ষণ পদ্ধতি অনুযায়ী সংরক্ষণ করা হবে। সাধারন পরিষদ কর্তৃক সংস্থার যাবতীয় হিসাব পত্র বৎসরান্তে একবার নিবন্ধীকরন কর্তৃপক্ষ অথবা কোন স্বীকৃত অডিট ফার্ম দ্বারা অডিটের ব্যবস্থা গ্রহণ করবে এবং অডিট রিপোর্ট বার্ষিক সাধারন সভায় পর্যালোচনা করা হবে। এ ক্ষেত্রে সাধারন ভাবে ইংরেজী জুলাই থেকে জুন পর্যন্ত অর্থ বছর হিসাবে গণ্য করা হবে। প্রকল্প সমূহের ক্ষেত্রে দাতা সংস্থা/এনজিও বিষয়ক ব্যুরোর অর্থ-অবমুক্তি সাপেক্ষে প্রকল্প বর্ষ নির্ধারিত হবে।

**অনুচ্ছেদ ৩৫। হস্ত মজুদ ঃ**

সম্পাদক অথবা কর্মসূচী প্রধান অথবা নির্বাহী পরিচালক চলতি খরচ সম্পাদনের অনধিক ৩,০০০/= (তিন হাজার) টাকা হতে নগদ রাখতে পারবেন।

**অনুচ্ছেদ ৩৬। গঠনতন্ত্র সংশোধন ঃ**

এই গঠনতন্ত্র সংস্থার একটি মূল্যবান দলিল। একান্তই প্রয়োজন বোধে গঠনতন্ত্রের কোন ধারা, উপ-ধারা সংশোধনী আনয়নের জন্য সংশোধিত অনুচ্ছেদের প্রস্তাবাবলী প্রথমে সংস্থার সাধারন পরিষদে পেশ করতে এবং যথা নিয়মে সাধারন পরিষদের $\frac{2}{3}$ অংশ সদস্যের অনুমোদন গ্রহনের পর উহা চূড়ান্ত অনুমোদন জন্য নিবন্ধীকরন কর্তৃপক্ষের নিকট পেশ করতে হবে। নিবন্ধীকরন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে কার্যকরি বলে বিবেচিত হবে।

**অনুচ্ছেদ ৩৭। সংস্থার বিলুপ্তির সাধন ঃ**

যদি কোন কারন বশত ঃ সংস্থার বিলুপ্তির প্রয়োজন মনে করা হয় তাহলে সংস্থার যাবতীয় স্থাবর, অস্থাবর সম্পত্তি বিক্রয় করে দেনা পাওনা পরিশোধ করার পর উদ্বৃত্ত তহবিল যা কিছু থাকে তা অন্য কোন নিবন্ধীকৃত স্বেচ্ছাসেবী সংগঠনকে দান করা যাবে। তবে বিলুপ্তির পূর্বে সংস্থার $\frac{3}{5}$ (তিন পঞ্চমাংশ) সাধারন সদস্যের লিখিত আবেদন নিবন্ধীকরন কর্তৃপক্ষের দাখিল করতে হবে। এ ব্যাপারে নিবন্ধীকরন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

গঠনতন্ত্র অনুমোদন করা হইল

১৫/৭/০৯ইং

নিবন্ধীকরণ কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী সমাজ কল্যাণ সংস্থা সমূহ
জেলা সমাজ সেবা কার্যালয়
কুমিল্লা।

15.07.09

মোঃ জিয়াউল কাউসার
সম্পাদক
আমড়াতলী বাজার
সদর, কুমিল্লা।

Scanned with CamScanner